

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd


স্মারক নং-স্থাসবি/জেপশা/জেপ-১৭/২০০৮(অংশ-১) ৬৬৭

তারিখঃ ০৭.১০.২০১৫খ্রিঃ।

বিষয় : ধুল ও দেওলা মৌজায় অবস্থিত টাঙ্গাইল নতুন বাস টার্মিনালসহ টাঙ্গাইল নতুন বাস টার্মিনাল সংলগ্ন অস্থায়ী কাঁচা বাজার এলাকা টাঙ্গাইল গণপূর্ত বিভাগ, টাঙ্গাইলের উন্নয়নমূলক কর্মকাণ্ডের নিমিত্ত অধিগ্রহণকৃত ভূমিতে জেলা পরিষদ, টাঙ্গাইল কর্তৃক অবৈধভাবে সুউচ্চ ভবন নির্মাণ কার্যক্রম বন্ধকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর ১০/০৯/২০১৫ তারিখের ০৫.৩০.৯৩০০.০১৪ এল এ কেস নং-১০/৬৭-৬৮/৪৭২ নং স্মারকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। ধুল ও দেওলা মৌজায় অবস্থিত টাঙ্গাইল নতুন বাস টার্মিনালসহ টাঙ্গাইল নতুন বাস টার্মিনাল সংলগ্ন অস্থায়ী কাঁচা বাজার এলাকা টাঙ্গাইল গণপূর্ত বিভাগ, টাঙ্গাইলের অনুকূলে এল এ কেস নং-৩৩/৬৪-৬৫ এবং ১০/৬৭-৬৮ এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক উন্নয়নমূলক কর্মকাণ্ডের নিমিত্ত অধিগ্রহণকৃত সম্পত্তির উপর অবৈধভাবে জোরপূর্বক ৯ (নয়) তলা বাণিজ্যিক ভবন নির্মাণের বিষয়ে মতামতসহ সারসংক্ষেপ আকারে একটি সুস্পষ্ট প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


০৭/১০/১৫
(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, টাঙ্গাইল।

অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

২। প্রশাসক, জেলা পরিষদ, টাঙ্গাইল।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।